**REGIONAL NEWS UNIT**

**ALL INDIA RADIO, AGARTALA**

**Date : 27-07-2026**

**Time: 07.35-07.40 AM Hrs**

**BENGALI MORNING BULLETIN**

---

**PEA BILL :**

প্রতিযোগিতামূলক পরীক্ষায় প্রশ্ন ফাঁস ও অনিয়ম রুখতে আজ লোকসভায় 'পাবলিক এগজামিনেশনস অ্যামেন্ডমেন্ট বিল, ২০২৬' পেশ করবেন কেন্দ্রীয় মন্ত্রী ডঃ জিতেন্দ্র সিং। এটি ২০২৪ সালের মূল আইনের একটি সংশোধনী। গত শুক্রবার কেন্দ্রীয় মন্ত্রিসভায় অনুমোদিত এই বিলে অনিয়মের দ্রুত বিচারে ফাস্ট-ট্র্যাক কোর্ট গঠন এবং দোষীদের দৃষ্টান্তমূলক শাস্তির বিধান রাখা হয়েছে।এছাড়াও দেশের পরীক্ষা ব্যবস্থাকেআরো স্বচ্ছ ও প্রযুক্তি নির্ভর করে তুলতে এবং ছাত্র ছাত্রীদের ভবিষ্যত সুরক্ষিত রাখতে প্রযুক্তি বিশেষজ্ঞ নন্দন নিলেকানির নেতৃত্বে একটি টাস্ক ফোর্স গঠনের ঘোষণা করেছেন প্রধানমন্ত্রী |

*********************

**P.M.-Mann Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল মন কি বাত অনুষ্ঠানের ১৩৬ তম পর্বে অংশ গ্রহণ করেন। অনুষ্ঠানে কার্গিল বিজয় দিবস উপলক্ষে দেশের সাহসী বীরসৈনিকদের স্মরণ করে তিনি বলেছেন, প্রতিরক্ষা উৎপাদন, প্রতিরক্ষা রফতানি বা বন্ধু দেশগুলির সঙ্গে রাজনৈতিক সহযোগিতার ক্ষেত্রগুলিতে ভারত ক্রমাগত নতুন উচ্চতায় পৌঁছুচ্ছে ।প্রধানমন্ত্রী শ্রী মোদি, একটি নিরাপদ, সক্ষম এবং আত্মনির্ভর ভারত গড়ার সংকল্প আরও দৃঢ় করার জন্য দেশবাসীর

প্রতি আহ্বান জানান।  প্রধানমন্ত্রী শ্রী মোদী বলেন, ভারত ক্রমাগত তার প্রযুক্তিগত ক্ষমতা শক্তিশালী করছে। তিনি সাম্প্রতিক সময়ে ভারতীয় নৌ বাহিনীতে ভারতীয় শৈলীতে নির্মিত আই এন এস মহেন্দ্রগিরি যুদ্ধ জাহাজ যুক্ত করার বিষয়টি তুলে ধরেন। এই আধুনিক যুদ্ধজাহাজটিতে ব্যবহৃত ৭৫ শতাংশের বেশি উপকরণ দেশীয় প্রযুক্তিতে তৈরি। প্রধানমন্ত্রী একে 'আত্মনির্ভর ভারত'-এর ক্রমবর্ধমান শক্তির প্রতীক হিসেবে উল্লেখ করেছেন। চলতি মাসেই, DRDO র পিনাক লং-রেঞ্জ গাইডেড রকেটের সফল পরীক্ষা, কিছু দিন আগে DRDO র কুশা ক্ষেপণাস্ত্র সফলভাবে পরীক্ষার কথাও প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন এবং এর জন্য প্রধানমন্ত্রী ভারতীয় বিজ্ঞানী ও ইঞ্জিনিয়ারদের অধ্যবসায়ের প্রশংসা করেছেন।

######## PM'S byte  #######

অনুষ্ঠানে ত্রিপুরার কিংবদন্তি প্রবীন লোকশিল্পী সূর্যকুমার দেববর্মা বা সওদাগর দেব্বর্মা এবং চংপ্রেং বাদ্যযন্ত্রের অনন্যতার কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী৷ এছাড়া ক্যাচ দ্য রেন, খেলাধুলোয় ভারতের সাম্প্রতিক সাফল্য, কেরলের অক্ষরকন্দুক প্রকল্প, বিজ্ঞান অলিম্পিয়াডগুলিতে দেশের তরুণ প্রজন্মের সাফল্য, জম্মু কাশ্মিরে উয়াগু মাদুর তৈরির শিল্প, স্বসহায়ক দলের সাফল্য সহ আরও বিভীয়ন্ন বিষয় প্রতি মাসের এই অনুষ্ঠানে তুলে ধরেন প্রধানমন্ত্রী৷

************************

**MKB  TRIPURA :**

আগরতলায় বড়দোয়ালী উচ্চতর মাধ্যমিক বিদ্যালয়ের অডিটরিয়ামে গতকাল প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদির 'মন কি বাত'-এর ১৩৬তম পর্ব শুনেন রাজ্যপাল ইন্দ্র সেনা রেড্ডি নাল্লু। অনুষ্ঠান শোনার পর রাজ্যপাল বলেন, গত এক দশকেরও বেশি সময় ধরে 'মন কি বাত' শুধু একটি রেডিও অনুষ্ঠান নয়, বরং দেশের

প্রধানমন্ত্রী ও সাধারণ মানুষের মধ্যে এক অনন্য সংলাপের মাধ্যম হয়ে উঠেছে।এই উপলক্ষ্যে গতকাল ১৩ প্রতাপগড় মণ্ডলের ৫১ নম্বর বুথে উপস্থিত থেকে স্থানীয় নাগরিকদের সাথে প্রধানমন্ত্রীর মন কি বাত শ্রবণ করেন রাজ্যের মুখ্যমন্ত্রী। অর্থ মন্ত্রী প্রণজিৎ সিংহ রায় গোমতী জেলার রাধাকিশোরপুর বিধানসভা এলাকার আর কে পুর মন্ডলের ৫৫ নম্বর বুথের জামজুড়িতে আয়োজিত প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর 136তম মন কি বাত অনুষ্ঠান শোনেন।

রাজ্যের উচ্চশিক্ষা দপ্তরের মন্ত্রী কিশোর বর্মন। নিজ বিধানসভা কেন্দ্র নলছড়ের ৭ নম্বর বুথ এলাকার দুর্লভনারায়ন কমিউনিটি হলে মন কি বাত শ্রবণ করেন তিনি। ঊনকোটি জেলার ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অধীন লালজুরি পঞ্চায়েত এলাকায় প্রধানমন্ত্রীর "মন কি বাত" দলীয় কার্যকর্তা ও সাধারণ নাগরিকদের সাথে নিয়ে শোনেন মৎস্য ও প্রাণিসম্পদ বিকাশ দপ্তরের মন্ত্রী সুধাংশু দাস।

********************

**Kargil Vijay Divas**:

কার্গিল বিজয় দিবসের ২৭তম বার্ষিকী উপলক্ষে রাজ্যের অন্যান্য এলাকার পাশাপাশি ঊনকোটি জেলার কৈলাশহর ও দক্ষিণ ত্রিপুরার জোলাইবাড়িতে গতকাল যথাযোগ্য মর্যাদায় দিবসটি পালন করা হয়। এ উপলক্ষে কৈলাশহরের আরজিএম হাসপাতাল সংলগ্ন কার্গিল কর্নারে ভারতীয় প্রাক্তন সেনা লীগ এবং কৈলাশহর পুর পরিষদের উদ্যোগে এক শ্রদ্ধাঞ্জলি অনুষ্ঠানের আয়োজন করা হয়। অনুষ্ঠানে কার্গিল যুদ্ধে শহিদ বীর সেনানীদের প্রতি পুষ্পার্ঘ্য অর্পণ করা হয় এবং তাঁদের স্মৃতির উদ্দেশ্যে দুই মিনিট নীরবতা পালন করা হয়। এছাড়াও ২৮ আসাম রাইফেলস ব্যাটালিয়নের জওয়ানরা শহিদদের সম্মানে আনুষ্ঠানিক গার্ড অব অনার প্রদান করেন। জোলাইবাড়িতে বিজেপির উদ্যোগে আয়োজিত

শ্রদ্ধাজ্ঞাপন অনুষ্ঠানে কার্গিলের শহীদদের প্রতি শ্রদ্ধা জানান সমবায় মন্ত্রী শুক্লাচরন নোয়াতিয়া। মৌন মিছিলেও অংশগ্রহণ করেন তিনি।

********************

**PM- VVVP2026 :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি  ভিডিও কনফারেন্সে ‘বিকশিত ভাইব্রেন্ট ভিলেজ প্রোগ্রাম (VVVP) ২০২৬’-এর অংশগ্রহণকারী যুবক-যুবতীদের সঙ্গে গতকাল মত বিনিময় করেন। ত্রিপুরার পশ্চিম, সিপাহীজলা, ঊনকোটি ও খোয়াই-সহ ছয়টি জেলায় ‘মাই ভারত’-এর উদ্যোগে এই কর্মসূচির সরাসরি সম্প্রচার করা হয়। নির্বাচিত যুবক-যুবতী ও স্বেচ্ছাসেবকেরা প্রধানমন্ত্রীর বক্তব্য শোনেন এবং সীমান্তবর্তী গ্রামগুলির উন্নয়ন, সংস্কৃতি সংরক্ষণ ও ‘বিকশিত ভারত’ গঠনে যুবসমাজের ভূমিকা সম্পর্কে অনুপ্রাণিত হন। বিভিন্ন জেলায় জেলা প্রশাসন ও যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের কর্মকর্তারাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। প্রধানমন্ত্রীর বক্তব্যে অংশগ্রহণকারী যুবক-যুবতীরা উৎসাহিত ও উজ্জীবিত হন।

**********************

**Minister Pranajit Singha Roy -Udaipur** :

অর্থমন্ত্রী প্রণজিৎ সিংহ রায়  উদয়পুরে গতকাল এক রক্তদান শিবিরের উদ্বোধন করেন। ভারতীয় মজদুর সংঘের ৭২তম প্রতিষ্ঠা দিবসের অঙ্গ হিসেবে গোমতী জেলা কমিটির উদ্যোগে উদয়পুরের রাজর্ষি কলা ক্ষেত্রে আয়োজিত হয় এই রক্তদান শিবির। শিবিরে তিনি রক্তদানের গুরুত্বের কথা তুলে ধরেন। শিবিরে দুই শতাধিক কর্মী স্বেচ্ছায় রক্ত দান করেন।

*******************

**COMMONWEALTH GAMES -GOLD** :

গ্লাসগো কমনওয়েলথ গেমসে ভারতের রানি মীরাবাই চানু দেশের হয়ে প্রথম স্বর্ণপদক জিতেছেন। তিনি মহিলাদের ৪৮ কেজি ভারত্তোলন ইভেন্টে মোট রেকর্ড-ভাঙা ১৯০ কেজি ওজন তুলে একচ্ছত্র আধিপত্য বিস্তার করেন। তাঁর এই অসাধারণ অর্জনে উপরাষ্ট্রপতি সি. পি. রাধাকৃষ্ণন এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী মীরাবাই চানুকে অভিনন্দন জানিয়েছেন।

********************

**Weather** :

আগামী ২৪ ঘন্টায় রাজ্যের সবকটি জেলায় বজ্রবিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সতর্কতা জারি করেছে আবহাওয়া দপ্তর ।আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। ভোরে

সর্বনিম্ন তাপমাত্রা ছিল ২৫.৭ ডিগ্রি সেলসিয়াস।

************************

***************